রেজিস্ট্রার দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং- ০১(৮১০)জাতীঃবিঃ/প্রশাঃ/২০০৫(অংশ-A)/৬৫০২(১)

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

এতদ্বারা সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৪ এর জুলাই-আগস্ট মাসে বৈষম্যবিরোধী ছাত্র জনতার গণ-অভ্যুত্থানে শাহাদাতবরণকারী বীর সন্তান যাঁরা দেশ ও জাতির ক্রান্তিকালে প্রতিবাদ, প্রতিরোধ ও জীবন উৎসর্গ করে দেশপ্রেমের এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছেন, তাঁদের জীবনাদর্শের মর্মবাণী সারা দেশের অধিভুক্ত কলেজসমূহের শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে দিতে তাদেরকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করতে এবং শহীদদের অবদান চিরস্মরণীয় করে রাখার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ **"জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়"** প্রবর্তন করেছে। জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক আগামী ১লা জুলাই ২০২৫ তারিখ হতে ৫ই আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত ৩৬ দিনব্যাপী জুলাই স্মৃতি অনুষ্ঠানমালা উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আমরা অত্যন্ত গর্বিত ও আনন্দিত যে, মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস আগামী ১লা জুলাই ২০২৫, মঙ্গলবার, সকাল ১১:০০টায় তাঁর কার্যালয়ের (তেজগাঁও, ঢাকা) করবী হলে **"জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়"** এর চেক বিতরণের মাধ্যমে জুলাই স্মৃতি অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচার এবং একই সঙ্গে অন্যান্য ইলেকট্রনিক মিডিয়াতেও প্রচারিত হবে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গাজীপুর মূল ক্যাম্পাসে একাডেমিক ভবন ও আইসিটি ভবনের সামনে স্থাপিত বড় পর্দায় অনুষ্ঠানটি যথাসময়ে সরাসরি প্রদর্শন করার ব্যবস্থা নেয়া হয়েছে।

এ অনুষ্ঠানটি শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে বর্ণিত স্থানে উপস্থিত থেকে উপভোগ করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

29.06.25

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ০১(৮১০)জাতীঃবিঃ/প্রশাঃ/২০০৫(অংশ-A)/৬৫০২(১)

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয় [শিক্ষক ও শিক্ষার্থীদেরকে অবহিতকরণের অনুরোধসহ]
২. সকল বিভাগীয়/দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয় [কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ]
৩. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় [একাডেমিক ভবন এবং আইসিটি ভবনের সামনে বড় পর্দার মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করার অনুরোধসহ]
৪. পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় [আঞ্চলিক কেন্দ্রসমূহে অনুষ্ঠানটি দেখার বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ]
৫. পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি।

২৯/৬/২৫

(মুহাম্মদ কামাল হাছান)
অতিরিক্ত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
প্রশাসন (সংস্থাপন-কর্মকর্তা) শাখা